

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নথি নং-৪৬.০৪২.০১৪.১৫.০২.০১৫.২০১৪. ৪০২৬

তারিখঃ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০১৫ খ্রিষ্টাব্দ।


বিষয়ঃ বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ এবং ডিআইজি রেঞ্জ, ময়মনসিংহ এর অস্থায়ী কার্যালয় হিসেবে ব্যবহারের উদ্দেশ্যে জেলা পরিষদ, ময়মনসিংহ এর ৩ নং ভবন খালি করা প্রসংগে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং ০৪.০০.০০০০.৫১২.২৮.০০৬.১৫.৪০৫, তারিখঃ ১৫.১০.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নবগঠিত ময়মনসিংহ বিভাগের কমিশনার ও রেঞ্জ ডিআইজি অফিস চালু করার জন্য অস্থায়ীভাবে ময়মনসিংহ জেলা পরিষদ কার্যালয়ের ৩ নম্বর ভবনটি নির্বাচন করা হয়েছে। সে প্রেক্ষিতে ময়মনসিংহ জেলা পরিষদের ৩ নং ভবন জরুরী ভিত্তিতে খালি করা এবং ভবনটি উক্ত দুটি অফিসের অনুকূলে অস্থায়ীভাবে বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, নবগঠিত ময়মনসিংহ বিভাগের কমিশনার ও রেঞ্জ ডিআইজি অফিস চালু করার লক্ষ্যে ময়মনসিংহ জেলা পরিষদের ৩ নং ভবনটি উক্ত দুটি অফিসের অনুকূলে নির্দেশক্রমে অস্থায়ীভাবে বরাদ্দ দেয়া হলো। অফিসদুটির কার্যক্রম চালুর জন্য ভবনের কক্ষসমূহ জরুরী ভিত্তিতে খালি করার ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মোঃ জাহিদ হোসেন

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ময়মনসিংহ।

অনুলিপিঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/দুর্নীতি দমন কমিশন।
৫. বিভাগীয় কমিশনার, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৭. প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১০. অফিস কপি।